

আজ ওসমানীনগরে শিক্ষার্থীদের বৃত্তি প্রদান অনুষ্ঠান

■ ওসমানীনগর (সিলেট) সংবাদদাতা
আজ বুধবার সিলেটের ওসমানীনগর
উপজেলায় বালাগঞ্জ-ওসমানীনগর
প্রবাসী এডুকেশন ট্রাস্টের বৃত্তিপ্রদান
অনুষ্ঠান হবে। অনুষ্ঠানে পরিবেশ ও বন
মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু প্রধান
অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।
অনুষ্ঠানে আরও উপস্থিত থাকবেন অর্থ
ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এমএ মামুন,
জক-টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি
প্রতিমন্ত্রী জুবায়ের আহমদ পলক, শিক্ষা
মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম
খান।

প্রবাসী অধ্যুষিত ওসমানীনগর
উপজেলায় মন্ত্রীর আগমনকে কেন্দ্র করে
উৎসবের আমেজ বিরাজ করছে। ট্রাস্টি
নেতৃবৃন্দসহ স্থানীয় সমাজসেবী
সংগঠনের উদ্যোগে মন্ত্রীকে বরণ করতে
ব্যাপক প্রস্তুতি নেয়া হয়েছে। সকাল
১১টায় উপজেলার খাদিমপুর নছিব
উল্যা উচ্চ বিদ্যালয় যাঠে দুই উপজেলার
শিক্ষার্থীদের মাঝে বৃত্তি বিতরণ করা
হবে। প্রবাসীদের উদ্যোগে ১৯৯১ সালে
গঠন করা হয় বালাগঞ্জ-ওসমানীনগর
প্রবাসী এডুকেশন ট্রাস্ট। প্রতিবছর
ট্রাস্টের ফান্ড থেকে দুই উপজেলার সকল
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে
এবং সমমান পর্যায়ের মাদ্রাসা সনূহের
শিক্ষার্থীদের মধ্যে শিক্ষাবৃত্তি প্রদান করা
হয়। এ বছর দুই উপজেলার
অর্ধশতাধিক শিক্ষা প্রতিষ্ঠানের
শিক্ষার্থীদের মাঝে নগদ প্রায় ৩০ লক্ষ
টাকার বৃত্তি প্রদান করা হবে।

বিশ্বনাথে সংসর্ধনা

বিশ্বনাথ (সিলেট) সংবাদদাতা
জানান, সিলেটের বিশ্বনাথে আজ বুধবার
বন ও পরিবেশ মন্ত্রী আনোয়ার হোসেন
মঞ্জু আসছেন। মন্ত্রী ঢাকা থেকে
বিমানযোগে সকাল ৭টায় সিলেটের
ওসমানী বিমান বন্দরে এসে পৌছাবেন।
পরে সড়কপথে বিশ্বনাথের দেওকলস
ইউনিয়নের দেওকলস ছি-পাফিক উচ্চ
বিদ্যালয়ে যাবেন। সেখানে সকাল সাড়ে
১০টায় তাকে সংসর্ধনা দেয়া হবে।
১১টায় মন্ত্রী গোদামঘাট-গাজীর মোকার
সড়কের ভিত্তি প্রস্তর স্থাপন ও সাড়ে
১১টায় ভাটিখাল খনন কাজের উদ্বোধন
করবেন। সিলেটে ২ আসনের সংসদ
সদস্য ইয়াহইয়া চৌধুরী এহিয়ার
আমন্ত্রণে বন ও পরিবেশ মন্ত্রী আনোয়ার
হোসেন মঞ্জু বিশ্বনাথে বিভিন্ন কর্মসূচিতে
ব্যস্ত সময় অতিবাহিত করবেন বলে
জানা গেছে। স্থানীয় সংসদ সদস্যের
একান্ত সচিব শিহাবউদ্দিন জামিম বলেন,
বিশ্বনাথের বেশ কয়েকটি অনুষ্ঠানে
প্রধান অতিথির বক্তব্য রাখবেন মন্ত্রী
আনোয়ার হোসেন মঞ্জু।